

জুন ২৫, ২০১৪ ইং

বিশ্ব

খাদ্য উৎপাদনে জীৱপ্রযুক্তির ভবিষ্যত সম্ভাবনা

সম্প্রতি গবেষণায় দেখা গেছে যে, বর্তমান অবস্থা ধরে রাখতে পারলে আগামী ১০ বছরের মধ্যে বিশ্ব বাজারে ১০১.৯৬ বিলিয়ন ইউ.এস. ডলার মূল্যের বায়োটেক খাদ্য বেচা-কেনা হবে। বর্তমানে মানুষ কর্মসংস্থানের আশায় গ্রাম থেকে শহরে পাড়ি জমাচ্ছে। যখনই কোন মানুষ যখন কৃষি কাজের তেমন কোন সুযোগ পাচ্ছে না তখনই সেখান থেকেই মানুষ চলে আসছে শহরে যার ফলে কৃষি কাজে নিয়োজিত জনশক্তির অভাব বাড়ছে। এজন্য দরকার কম সময়ে, কম জায়গায় অধিক খাদ্য উৎপাদন যা কিনা জীৱপ্রযুক্তি নির্ভর ফসল চাষাবাদ করলেই সম্ভব হবে। এভাবেই জীৱপ্রযুক্তি আগামী বছরগুলোতে খাদ্য উৎপাদনে মূখ্য ভূমিকা পালন করে খাদ্য চাহিদা মোকাবেলায় জীৱপ্রযুক্তি গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হবে।

Read more about the report at <http://www.reportlinker.com/p02148717-summary/Biotechnology-in-Food-Production-Market-Forecast.html>.

আফ্রিকা

আইভরিকোষ্ট এক মৌজাষিকে ISAAA রিপোর্ট প্রকাশ

প্রথমবারের মতো ISAAA AfricCentre মৌজাষিক ও আইভরিকোষ্টে বায়োটেক ফসলের বর্তমান অবস্থাঃ ২০১৩ শীর্ষক প্রতিবেদন প্রকাশ করেছে। গত ২৮ মে অনুষ্ঠিত মৌজাষিক কৃষি গবেষণা ইনস্টিটিউট এর সহযোগিতায় আয়োজিত এ অনুষ্ঠানে দেশের প্রথিতযশা বিজ্ঞানী, সাংবাদিক ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। আধুনিক জীৱপ্রযুক্তি ব্যবহার করে দেশগুলির খাদ্য চাহিদা মেটানো সম্ভব হবে বলে প্রত্যয় ব্যক্ত করেন বক্তারা। সহস্রাব্দ লক্ষ্যমাত্রা অর্জনে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে জীৱপ্রযুক্তির প্রভাব যে অতুলনীয় এ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে অনুষ্ঠানটিতে যা কিনা দেশদুটির নীতি নির্ধারকদের পরিকল্পনা গ্রহন অগ্রবর্তী ভূমিকা পালন করবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

For more information on the launches, contact Brigitte Bitta at b.bitta@isaaa.org.

তানজেনিয়া জীৱপ্রযুক্তির ধীর অগ্রগতি

সরকারি পদক্ষেপ থাকা সত্ত্বেও দক্ষ ও প্রশিক্ষিত জনবল, অপারাপ্ত অবকাঠামো এবং জনসচেতনতার অভাবে তানজেনিয়াতে জীৱপ্রযুক্তি বিষয়ে কম অগ্রগতি হচ্ছে। এ সম্পর্কে দেশটির অর্থ-প্রতি মন্ত্রী এডাম মালিমার বলেন যে, যদিও অনেকগুলি প্রকল্প এ বিষয়ে গৃহীত হয়েছে তথাপি জনগণের মধ্যে ভ্রান্ত ধারণা থাকার জন্য কৃষি উৎপাদনে জীৱপ্রযুক্তির প্রয়োগ সম্ভব হচ্ছে না।

Read more at <http://www.ippmedia.com/frontend/index.php?l=69245>.

আমেরিকা

গমের আলো সংবেদী জিনের কাজ আবিষ্কার

সম্প্রতি ক্যালফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের একদল বিজ্ঞানী দিবা-রাত্রির দৈর্ঘ্যের উপলব্ধি করতে পারে এমন জিন গমের মধ্যে খুঁজে পেয়েছেন। বিজ্ঞানীরা প্রমাণ করেছেন এ জিনটি নিক্রিয় করে দিলে গমের ফুল আসার সময় ১০০ দিন পিছিয়ে যায়। বর্তমানে বিজ্ঞানীরা *Phytochrome C* জিনটির বৈচিত্র্য পর্যবেক্ষণ করছে যা কিনা গমের ফুল ফোটার সময় পরিবর্তনে ভূমিকা রাখবে।

For more details, visit http://news.ucdavis.edu/search/news_detail.lasso?id=10965.

এশিয়া

বায়োটেক গবেষণায় পাকিস্তান এগিয়ে যাচ্ছে

হাটি হাটি পা পা করে এগিয়ে যাচ্ছে পাকিস্তানের বায়োটেক গবেষণা। স্বল্প সময়ে তাদের প্রাপ্তিও কম নয়। বিটি তুলা চাষ করে দেশটির কৃষকেরা সাবলম্বী হওয়ার পর থেকে অন্যান্য ফসলের ক্ষেত্রেও বায়োটেকনোলজি প্রয়োগ করার কথা ভাবছেন উন্নয়নশীল এ দেশটির বিজ্ঞানীরা।

Download a copy of the book at http://paspk.org/book_path/6053affbBiotechnology%20Report%202014.pdf.

ইউরোপ

বায়োটেক তেলবীজ বিষয়ে বৈজ্ঞানিক মতামত

সম্প্রতি ইউরোপীয়ান ফুড স্ফটি অথরিটি আগাছানাশক প্রতিরোধী তৈলবীজ উৎপাদন ও সম্প্রসারণ বিষয়ে বৈজ্ঞানিক মতামত প্রকাশ করেছে। MON88302 নং স্মারক অনুযায়ী এ প্রতিবেদনে পরাগায়নের জেনেটিক কারন এক জেনেটিক মডিফিকেশনের ফলে অ্যালার্জি এবং বিষক্রিয়া বিষয়ে বিস্তারিত উল্লেখ রয়েছে।

Read the complete opinion from EFSA Journal: <http://www.efsa.europa.eu/en/efsajournal/pub/3701.htm>

গবেষণা

OSSAP1 জিনের প্রভাবে তামাক ব্যাকটেরিয়া প্রতিরোধী হয়

সম্প্রতি এক গবেষণায় দেখা গেছে যে, স্ট্রেপ্টোস্ট্রোফাস অ্যালোসিয়েটেড প্রোটিন সংশ্লেষী OSSAP1 জিন ব্যাকটেরিয়া প্রতিরোধে কার্যকর ভূমিকা পালন করে। গবেষণা আরো বলছেন যে, এ জিন আবিষ্কারের ফলে তামাকসহ বিভিন্ন ফসলে ব্যাকটেরিয়ার বিরুদ্ধে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলা সম্ভব হবে।

To read more on this promising discovery at <http://www.sciencedirect.com/science/article/pii/S0168945214001277>